

# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 15 June, 2025

বিশ্ব বাবা দিবস উপলক্ষে বাবার সঙ্গে কাটানো সুন্দর মুহূর্তগুলো সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করে নিচ্ছেন সন্তানেরা। ঢাকাই সিনেমার শীর্ষ নায়ক শাকিব খানও দুই সন্তানের বাবা।

ফলে বিশেষ এই দিনটিতে সন্তানের সঙ্গে কাটানো তার ভালো কিছু মুহূর্ত ফেসবুক হ্যাণ্ডেলে শেয়ার করেছেন নায়কের প্রাক্তন দুই স্ত্রী অপু বিশ্বাস ও শবনম বুবলী।

রোববার (১৫ জুন) সকালে অপু বিশ্বাস তার ফেসবুক অ্যাকাউন্টে একটি ভিডিও শেয়ার করেন, যেখানে দেখা যায় তাদের সন্তান আব্রাহাম খান জয় বাবার কোলে বসে হারমোনিয়াম বাজিয়ে গান গাইছে। পাশে বসে মুগ্ধ দৃষ্টিতে ছেলেকে শুনছেন শাকিব খান।

ক্যামেরার পেছন থেকে অপু প্রশংসা করছেন ছেলের প্রতিভার। শাকিব খুশিতে হাসছেন এবং বলছেন, “ভেরি গুড!” ভিডিওর ক্যাপশনে অপু লেখেন, “বাবা শব্দটা আসে অশেষ শ্রদ্ধা ও ভালোবাসা থেকে। বাবা-ছেলের এই সম্পর্কটায় যেন কারও কুনজর না লাগে।”

এদিকে অপু বিশ্বাসের সেই পোস্টের কিছুক্ষণ পরই শাকিব খানের সঙ্গে ছেলে শেহজাদ খান বীরের কাটানো সুন্দর কিছু মুহূর্তের ভিডিও শেয়ার করেন চিত্রনায়িকা শবনম বুবলী।

যেই ভিডিওতে দেখা যায়, তাদের ছেলে শেহজাদ খান বীর বাবার পাশে বসে কার্টুন দেখছে। শাকিব খান তখনও কিছুটা ঘুমঘুম চোখে, কিন্তু ছেলের সঙ্গে দুট্টমিতে মেতে উঠেছেন।

এসময় শাকিবকে বলতে শোনা যায়, “তোমার বাবা কে?” অথবা মজার ছলে, “আমরা কোনো গ্রুপের মালিক”। বীরও বাবার সেই প্রশ্নের জবাব দিচ্ছেন মিষ্টিমুখেই।

পাশ থেকে বুবলীকে বলতে শোনা যায়, “বাবাকে পাপ্পা দাও তো!” ছেলের দেয়া চুমুর জবাবে শাকিবও আদরে ছেলেকে চুমু দেন। পুরো মুহূর্তটি ক্যামেরাবন্দি করেন অভিনেত্রী নিজেই।

এই ভিডিওটির ক্যাপশনে বুবলী লেখেন, “যেমন বাবা, তেমন ছেলে। একজন বাবার ভালোবাসা তার সন্তানের অন্তরে চিরস্থায়ী হয়ে থাকে। বাবা দিবসে সকল বাবাকে জানাই শুভেচ্ছা!”

বাবা দিবসে শাকিব খানের সঙ্গে কাটানো সন্তানদের সুন্দর এই মুহূর্তের ভিডিও দেখে নেটিজেনদের মধ্যেও আলোচনার ঝড় উঠেছে। কেউ বলছেন পারিবারিক ভালোবাসার এই প্রকাশ সুন্দর একটি দৃষ্টান্ত, আবার কেউ কেউ এটিকে ব্যক্তিগত জীবনের প্রতিযোগিতা হিসেবেও দেখছেন।

তবে, বাবা হিসেবে শাকিব খানের ভূমিকা যে তার সম্ভানদের জীবনে গুরুত্বপূর্ণ, সেটাই এই দুই ভিডিওতেই স্পষ্টভাবে ফুটে উঠেছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:24

URL: <https://timestodaybd.com/entertainment/3672303422>